গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
প্রেস-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০০০.০২০.১১.০০০১.২৩. তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

**প্রজ্ঞাপন**

'তথ্য অধিকার আইন, ২০০৯'-এর ধারা ১৪(১) অনুযায়ী তথ্য কমিশনের 'প্রধান তথ্য কমিশনার' ও ০২ (দুই) জন 'তথ্য কমিশনার' নিয়োগের সুপারিশ প্রদানের লক্ষ্যে নিম্নে-বর্ণিত ০৫ (পাঁচ) সদস্য-বিশিষ্ট বাছাই কমিটি পুনর্গঠন করা হলো:

| | | | |
|---|---|---|---|
| ০১. | মাননীয় বিচারপতি জনাব ফারাহ মাহবুব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা | - | সভাপতি |
| ০২. | মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | - | সদস্য |
| ০৩. | জনাব আন্দালিভ রহমান, মাননীয় সংসদ-সদস্য, ১১৫ ভোলা-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা | - | সদস্য |
| ০৪. | জনাব মাসুদ সাঈদী, মাননীয় সংসদ-সদস্য, ১২৭ পিরোজপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা | - | সদস্য |
| ০৫. | জনাব হাসান হাফিজ, সভাপতি, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা | - | সদস্য |

**কমিটির কার্যপরিধি:**

গঠিত বাছাই কমিটি 'তথ্য অধিকার আইন, ২০০৯'-এর ধারা ১২(১), ১৪(৪) ও ১৫(৫) অনুযায়ী তথ্য কমিশনের 'প্রধান তথ্য কমিশনার' ও 'তথ্য কমিশনার' নিয়োগের লক্ষ্যে সভায় উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ সিদ্ধান্তের ভিত্তিতে প্রতি শূন্য পদের বিপরীতে ২ (দুই) জন করে ব্যক্তির নাম মহামান্য রাষ্ট্রপতির নিকট সুপারিশ করবেন।

২। উল্লেখ্য, 'তথ্য অধিকার আইন, ২০০৯'-এর ধারা ১৪(২) অনুযায়ী তথ্য কমিশনের 'প্রধান তথ্য কমিশনার' ও 'তথ্য কমিশনার' নিয়োগের সুপারিশ প্রদানের উদ্দেশ্যে গঠিত বাছাই কমিটির কার্যসম্পাদনে প্রয়োজনীয় সাচিবিক সহায়তা প্রদানের নিমিত্ত এ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (সম্প্রচার ও উন্নয়ন) এবং বর্তমানে তথ্য কমিশনের সচিব হিসেবে দায়িত্ব পালনরত জনাব মোঃ শাহ আলম-কে দায়িত্ব প্রদান করা হলো।

৩। এ কমিটি গঠনের পরিপ্রেক্ষিতে ইতঃপূর্বে ১০.১১.২০২৪ তারিখের ১৫.০০.০০০০.০২০.১১.০০১.২৩.৪২১ নম্বর প্রজ্ঞাপনে গঠিত কমিটি এতদ্দ্বারা বাতিল বলে গণ্য হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**স্বাক্ষরিত/-**
খাদিজা তাহেরা ববি
উপসচিব
ফোন: ২২৩৩৮০৭৮৭
e-mail: press2@moi.gov.bd

নম্বর: ১৫.০০.০০০০.০০০.০২০.১১.০০০১.২৩.**২৭৬** তারিখ: ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো **(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)**:

১। মাননীয় বিচারপতি জনাব ফারাহ মাহবুব, আপীল বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা;
২। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩। জনাব আন্দালিভ রহমান, মাননীয় সংসদ-সদস্য, ১১৫ ভোলা-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা;
৪। জনাব মাসুদ সাঈদী, মাননীয় সংসদ-সদস্য, ১২৭ পিরোজপুর-১, বাংলাদেশ জাতীয় সংসদ, ঢাকা;
৫। জনাব মোঃ শাহ আলম, অতিরিক্ত সচিব (সম্প্রচার ও উন্নয়ন), তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা;

৬। জনাব হাসান হাফিজ, সভাপতি, জাতীয় প্রেস ক্লাব, ঢাকা;
৭। উপ-পরিচালক,বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮ (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ);
৮। মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য);
৯। প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য);
১০। সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১। সিস্টেম এনালিস্ট, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১২। অফিস কপি;
১৩। মাস্টার কপি।

07/09/2024

খাদিজা তাহেরা ববি
উপসচিব